

الضَّارُّ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৯১ তম নাম ‘الضَّارُّ’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الضَّارُّ’ শব্দের মূল ر - ر - ض , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৭৪ বার এসেছে। ক্ষতি করা, সহ্য করা, বাধ্য করা, দৈন্যপীড়িত অনিষ্টের মালিক ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الضَّارُّ অর্থ: ‘তিনি অনিষ্টের মালিক’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

وَإِنْ يَمَسُّكَ اللَّهُ بِضُرٍّ فَلَا كَاشِفَ لَهُ إِلَّا هُوَ وَإِنْ يَمَسُّكَ بِخَيْرٍ فَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿١٧﴾

আল্লাহ যদি তোমাকে কোন কষ্টে ফেলেন, তবে তিনি ছাড়া তা দূর করার কেউই নেই। আর তিনি যদি তোমাকে কোন কল্যাণ দান করেন, তবে অবশ্যই তিনি সব বিষয়ে শক্তিমান। (সূরা আনআম: আয়াত নং ১৭)

أَتَّخِذُ مِنْ دُونِهِ آلِهَةً إِنْ يُرِدْنِ الرَّحْمَنُ بِضُرٍّ لَّا تُغْنِي عَنِّي شَفَاعَتُهُمْ شَيْئاً وَلَا يُنْقِذُونِ ﴿٢٣﴾

আমি কি তাঁর পরিবর্তে অন্য ইলাহ গ্রহণ করবো? রহমান যদি আমার কোন ক্ষতি করতে চান, তবে তাদের সুপারিশ আমার কোন কাজে আসবে না এবং তারা আমাকে রক্ষাও করতে পারবে না। (সূরা ইয়াসিন: আয়াত নং ২৩)

তিরমিজি শরীফের হাদীস:

আল্লাহ যখন তাঁর কোন বান্দার প্রতি কল্যাণের ইচ্ছা করেন, তখন দুনিয়াতে তার জন্য তাড়াতাড়ি বিপদ-আপদ নাজিল করে দেন। আর যখন তিনি তাঁর বান্দার প্রতি অমঙ্গলের ইচ্ছা করেন, তখন তাকে গুনাহের মধ্যে ছেড়ে দেন।

কষ্ট বেশি হলে সাওয়াবও বেশি হয়। আর আল্লাহ যখন কোন জাতিকে ভালোবাসেন, তখন তাকে পরীক্ষায় ফেলে দেন। যে ব্যক্তি এ পরীক্ষায় সন্তুষ্ট থাকে তার জন্য রয়েছে আল্লাহর সন্তুষ্টি আর যে ব্যক্তি অসন্তুষ্ট হয় তার জন্য রয়েছে আল্লাহর অসন্তুষ্টি।

সুতারাং, প্রিয় ভাই ও বোনেরা! আল্লাহর ইচ্ছা ব্যতিত দুনিয়ায় আমাদের কেউ কোন ক্ষতি করতে পারবেনা। আসুন, আমরা আল্লাহর কাছে দোয়া করি- হে আল্লাহ! আমাদেরকে দুনিয়া ও আখেরাতের কষ্ট ও মুসিবত থেকে রক্ষা করো। আমাদেরকে শিরকমুক্ত এমন জীবন যাপন করার তৌফিক দান করো, যাতে তুমি সন্তুষ্ট হও।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহা